গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ৩০/১১/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২৭ তম সভার কার্যবিবরণী :

প্রধান অতিথি : মোঃ আনোয়ার হোসেন
মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) এবং ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : যুব উন্নয়ন অধিদপ্তরের মিনি সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ৩০ নভেম্বর ২০১৭ ; বিকাল ০৩.০০ ঘটিকায়।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত।

সভাপতি উপস্থিত ইনোভেশন টিমের সকল সম্মানিত সদস্য এবং সদ্য যোগদানকৃত সম্মানিত মহাপরিচালক মহোদয় জনাব মোঃ আনোয়ার হোসেন মহোদয়কে স্বাগত জানান। এ পর্যায়ে সকল সদস্য প্রধান অতিথির সাথে পরিচয় বিনিময় করেন। এ পর্যায়ে সভাপতির অনুরোধক্রমে কমিটির সদস্য সচিব উপ-পরিচালক জনাব মোঃ আব্দুর রেজ্জাক বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা হুবহু গৃহীত হয়। সভাকে অবহিত করা হয় যে, কমিটির সকল সদস্য মেন্টর প্রশিক্ষণ প্রাপ্ত এবং প্রতিজন মেন্টর ৪ জন ইনোভেটরকে ৪টি আইডিয়া বাস্তবায়নে মেন্টরশীপ প্রদান করছেন।বিগত সভার সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, মেন্টরগণ ইতোমধ্যে তাদের মেন্টিগণের সাথে যোগাযোগ স্থাপন করে তাদের আইডিয়া বাস্তবায়নের লক্ষ্যে উপকরণ-১৩ এর মাধ্যমে বাস্তবায়ন পরিকল্পনা সংগ্রহ করছেন। তবে মেন্টরগণের তৎপরতা আরও বাড়ানোর অবকাশ রয়েছে বলে সভায় আলোচিত হয়। কেননা সময়ের সাথে আইডিয়া বাস্তবায়ন অগ্রগতি বেশ পিছিয়ে রয়েছে।

সদস্য সচিব সভাকে আরও অবহিত করেন যে বিগত মাসে এটুআই হতে অধিদপ্তরের ৪টি সেবাকে চিহ্নিত করে তা সহজীকরণের জন্য ১৬ জন কর্মকর্তাকে অধিদপ্তরের প্রশিক্ষণ বাজেট হতে প্রশিক্ষণ প্রদানের অনুরোধের প্রেক্ষিতে অধিদপ্তরে কর্মরত সকল উপপরিচালক ও সহকারী পরিচালকের সমন্বয়ে একটি সভা আহবান করে সম্ভাব্য সেবা সমূহের তালিকা সংগ্রহ করা হয়েছে (সংযুক্ত) তালিকার কপি সভার বিবেচনার জন্য পেশ করা হয়। বর্ণিত ৬৫ টি সেবা হতে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত ৪টি সেবাকে সহজীকরণের জন্য বাছাই করা হয়।

নং	সেবার নাম	বাস্তবায়ন শাখা
১	দেশে বিদেশে কর্মকর্তাদের প্রশিক্ষণে মনোনয়ন প্রদান	প্রশাসন শাখা
২	ভান্ডার ব্যবস্থাপনা	অর্থ শাখা
৩	অনুন্নয়ন খাতে অনুদান প্রদান	বাস্তবায়ন শাখা
৪	প্রশিক্ষণ বর্ষপঞ্জি জুলাই মাসে প্রকাশ	প্রশিক্ষণ শাখা

সভাপতি সভাকে জানান যে, অধিদপ্তরের কর্মকর্তাদের প্রশিক্ষণের জন্য যে বরাদ্দ রাখা হয়ে থাকে সেখান হতে অর্থের ব্যবস্থা করে প্রশিক্ষণ আয়োজন করা যায় কিনা তা বিবেচনার জন্য অনুরোধ জানান। সদস্য সচিব সভাকে আরও অবহিত করেন যে, অধিদপ্তরে Facebok সেবা গ্রহিতার অসুবিধার Post এর ভিত্তিতে এ ময়মনসিংহ যুব প্রশিক্ষণ কেন্দ্রের সমস্যা এবং গাজীপুর কম্পিউটার প্রশিক্ষণে ভর্তিতে সহযোগীতা না পাওয়ার Post এর প্রেক্ষিতে তাদের সমস্যা তাৎক্ষণিক সমাধান করা হয়। প্রধান অতিথি সেবাগ্রহণে ভোগান্তি বিষয়ে কোন Post পাওয়া গেলে তা দ্রুত সমাধানে বিশেষ গুরুত্বারোপ করেন।

সভাকে অবহিত করা হয় যে, ইনোভেটরগণকে সম্মাননা প্রদানের লক্ষ্যে একটি খসড়া নীতি তৈরী করা হলেও সেটিতে আরও কাজ করার অবকাশ রয়েছে। মহাপরিচালক মহোদয় নীতিটিতে প্রয়োজনীয় অন্তর্ভুক্তি, সংশোধন, বিয়োজনসহ আগামী সভার পূর্বেই চুড়ান্ত করার ব্যবস্থা নিতে নির্দেশনা প্রদান করেন।

প্রশিক্ষণ আবেদন অনলাইনে প্রক্রিয়াকরণ এবং যুব সেবা বিষয়ে এ্যাপস তৈরীর লক্ষ্যে প্রাপ্ত ও SIF তহবিল ব্যবহার করে ডিভাইসটি সংগ্রহ যথেষ্ট বিলম্বিত হয়েছে বলে সভায় আলোচিত হয় । মহাপরিচালক মহোদয় পদ্ধতিটি দ্রুত সংগ্রহ করতে ব্যবস্থা নিতে সংশ্লিষ্টগণকে নির্দেশনা প্রদান করেন ।

বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ সমূহ গৃহীত হয় ।

সুপারিশ :

০১। মেন্টরগণ কর্তৃক মেন্টিদের কাজের কর্মপরিকল্পনা উপকরণ ১৩ এর মাধ্যমে সংগ্রহ করা এবং তা বাস্তবায়নে মনিটরিং করা ;

০২। প্রাপ্ত এস আই এফ ফান্ডের যথাযথ ব্যবহার নিশ্চিত করে নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যাবলী সমাপ্ত করা। এ ব্যাপারে অগ্রগতি তরান্বিত করতে এটুআই এ পত্র আলাপ করে দ্রুত কাজ শেষ করা ;

০৩। সোসাল মিডিয়ায় প্রচার কার্যক্রম প্রতিমাসের সভায় সুস্পষ্টভাবে উপস্থাপন এবং সেবা গ্রহীতাদের মতামত প্রতিপালিত হচ্ছে কিনা তা নিরূপন করা;

০৪। যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে blog কে active রাখার ব্যবস্থা করা;

০৫। মাঠ পর্যায়ে ইনোভেটরদের সম্মাননা প্রদানের খসড়া নীতিমালা অনুমোদনের পদক্ষেপ নেয়া ;

০৬। মাঠ পর্যায়ের মেন্টর ট্রেনিং প্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশনাসহ পত্র প্রদানের ব্যবস্থা নেয়া ;

০৭। Facebook এ প্রচারিত ময়মনসিংহ যুব প্রশিক্ষণ কেন্দ্রের সমস্যা দূর করার জন্য ব্যবস্থা নেয়া ;

০৮। Facebook ব্যবহারের জন্য ১টি মোবাইল সেট ও সিম বরাদ্দের ব্যাপারে কর্তৃপক্ষের নজরে আনা;

০৯। Facebook এ উত্থাপিত সমস্যাগুলি সমাধানের ব্যাপারে প্রতি শাখায় পত্র দেয়া ।

১০। যুব উন্নয়ন অধিদপ্তরের ৪টি সেবা যেমন- (১) প্রশাসন শাখার জন্য দেশে বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ মনোনয়ন (২) অর্থ ও অডিট শাখার জন্য ভান্ডার ব্যবস্থাপনা (৩) বাস্তবায়ন শাখার জন্য অনুন্নয়ন খাতের অনুদান প্রদান (৪) প্রশিক্ষণ শাখার জন্য প্রশিক্ষণ বর্ষপঞ্জি জুলাই প্রকাশ সেবাসমূহের সহজীকরণের কর্মকর্তা মনোনয়ন ও প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া ।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২০/১২/১৭

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: ershad.dyd@gmail.com

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬- ৮৪

তারিখঃ ২০/১২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। জনাব--- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। সংশ্লিষ্ট নথি ।

20/12/2017

(মোঃ আব্দুর রেজ্জাক)
উপপরিচালক(প্রোগ্রামার) ও
সদস্য সচিব , ইনোভেশন টিম
ফোনঃ ৯৫১৪৯৭৭
e-mail: razzaque1966@gmail.com